

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৩৩২

১/ বিবিধ

আরবী

إن الصائم إذا أكل عنده صلت عليه الملائكة حتى يفرغوا، وربما قال: حتى يقضوا
أكلهم
ضعيف

أخرجه الترمذي (1/150) والنسائي في "السنن الكبرى" (ق 62/2) والدارمي (2/17) وابن خزيمة في "صحيحه" (2138 – 2140) وابن ماجه (1748) من طريق ابن أبي شيبه وهذا في "المصنف" (3/86) وابن المبارك في "الزهد" (500/1424) وفي الجزء الثاني من "حديثه" (ق 104/2) وأحمد (6/365) وابن سعد في "الطبقات" (8/415 – 416) والبلغوي في "حديث علي بن الجعد" (1/477/899) وأبو يعلى في "مسنده" (4/1704) وعنه ابن حبان (953 – موارد) والطبراني في "المعجم الكبير" (25/30/49) وأبو نعيم في "الحلية" (2/65) والبيهقي (4/305) كلهم من طريق حبيب بن زيد الأنصاري قال: سمعت مولاة لنا يقال لها: ليلي، تحدث عن جدته أم عمار بنت كعب: أن النبي صلى الله عليه وسلم دخل عليها، فدعت له بطعام، فقال لها: "كلي"، فقالت: إني صائمة، فقال النبي صلى الله عليه وسلم: فذكره. وقال الترمذي: "حديث حسن صحيح وأقره المناوي في "شرحيه": "الفيض" و"التيسير"، وكأنه لم يرجع إلى إسناده، فإن ليلي هذه لا تعرف، فقد أوردها الذهبي في فصل "النسوة المجهولات" وقال: "تفرد عنها حبيب بن زيد"

وقال الحافظ فيها: "مقبولة

يعني عند المتابعة، وإلا فلينة الحديث، وما عرفت لها متابعا، بل إن من الممكن أن يقال: إنها قد خولفت فرواه أبو أيوب عن عبد الله بن عمرو موقوفا مختصرا بلفظ: الصائم إذا أكل عنده صلت عليه الملائكة

أخرجه ابن أبي شيبه وعبد الرزاق وابن المبارك من طريق قتادة عن أبي أيوب عنه وهذا إسناد صحيح على شرط الشيخين، وهو موقوف في حكم المرفوع، ويشهد له دعاء الضيف: "أفطر عندكم الصائمون.. وصلت عليكم الملائكة" الحديث، وهو مخرج في "آداب الزفاف" (ص 91 - 92)

فإن الصلاة هنا جملة دعائية كالجملتين الآخرين، وإنما يدعى بشيء يمكن أن يقع إذا توفر سببه، وهذا ما أكده ابن عمرو رضي الله عنه بحديثه هذا. والله أعلم. ثم إن الحديث رواه شريك عن حبيب بن زيد بلفظ: الصائم إذا أكل عنده المفاطر صلت عليه الملائكة حتى يمسي

أخرجه الترمذي وابن خزيمة بإسناد واحد عن شريك وليس عند الترمذي: "حتى يمسي". وهو بهذه الزيادة منكر، لأن شريكا وهو ابن عبد الله القاضي سييء الحفظ، وبهذه الزيادة رواه الطبراني أيضا (رقم 50)

والحديث علقت عليه اللجنة القائمة بتحقيق "الجامع الكبير" للسيوطي (5652) بأن السيوطي رمز في "الجامع الصغير" لحسنه، وكفى! كما أورده الغماري في كنز

বাংলা

১৩৩২। সওম পালনকারীর নিকট যখন খাওয়া হয় তখন ফেরেশতারা তার জন্য দু'আ করতে থাকে যে পর্যন্ত তারা খাওয়া শেষ না করে। কখনও কখনও তিনি বলেনঃ যে পর্যন্ত তারা তাদের খাওয়া পূর্ণ না করে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম তিরমিযী (৭৮৪, ৭৮৫), আহমাদ (২৬৯২৬), ইবনু মাজাহ (১৭৪৮), দারেমী (১৭৩৮), নাসাঈ

“সুনানুল কুবরা” গ্রন্থে (কাফ ২/৬২), ইবনু খুযায়মাহ তার “সহীহ” গ্রন্থে (২১৩৮-২১৪২), ইবনুল মুবারাক “আয-যুহদ” গ্রন্থে (৫০০/১৪২৪), ইবনু সা’দ “আতত্বাবাকাত” গ্রন্থে (৮/৪১৫-৪১৬), বাগাবী “হাদীসু আলী ইবনুল জাদ” গ্রন্থে (১/৪৭৭/৮৯৯), আবু ইয়ালা তার “মুসনাদ” গ্রন্থে (৪/১৭০৪), তার থেকে ইবনু হিব্বান, ত্ববারানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে (২৫/৩০/৪৯), আবু নুয়াইম “আল-হিলয়াহ” গ্রন্থে (২/৬৫) ও বাইহাকী (৪/৩০৫) (তারা সকলে) হাবীব ইবনু যায়েদ আনসারী সূত্রে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমরা আমাদের এক স্বাধীন হওয়া দাসীকে যাকে লায়লা বলে ডাকা হতো তার দাদী উম্মু উমারাহ বিনতু কা’ব হতে হাদীস বর্ণনা করতে শুনেছি যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নিকট আসলেন তখন তিনি (দাদী) তার জন্য খাবার নিয়ে আনতে নির্দেশ দিলেন। অতঃপর (খাবার নিয়ে আসা হলে) রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ তুমি খাও। তখন তিনি (দাদী) বললেনঃ আমি সওম পালনরতা। এ সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ...।

ইমাম তিরমিযী বলেনঃ হাদীসটি হাসান সহীহ। মানবীও তার “আল-ফায়েয” এবং “আত-তায়সীর” গ্রন্থে (সহীহ বলাকে) স্বীকৃতি দিয়েছেন। সম্ভবত তিনি হাদীসটির সনদের দিকে দৃষ্টি দেননি। কারণ এ লায়লাকে চেনা যায় না। তাকে হাফিয যাহাবী সেই সব মহিলাদের অধ্যায়ের অন্তর্ভুক্ত উল্লেখ করেছেন যারা অপরিচিতা এবং তিনি বলেনঃ তার থেকে বর্ণনাকারী হাবীব ইবনু যায়েদ হাদীসটি এককভাবে বর্ণনা করেছেন।

হাফিয ইবনু হাজার লায়লা সম্পর্কে বলেনঃ তিনি মকবুলাহ। অর্থাৎ মুতাবায়াত থাকার সময়ে তিনি গ্রহণযোগ্য অন্যথায় তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল। আমি তার কোন মুতাবা’য়াতকারী পাইনি। বরং মওকুফ হিসেবে তার বিরোধিতা করে বর্ণনা করা হয়েছে। এ মওকুফটি আবু আইউব বর্ণনা করেছেন আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) হতে সংক্ষেপে নিম্নলিখিত ভাষায়ঃ

الصائم إذا أكل عنده صلت عليه الملائكة

সওম পালনকারীর নিকট যখন খাওয়া হয় তখন তার জন্য ফেরেশতারা দুআ করতে থাকে।

এটিকে ইবনু আবী শায়বাহ, আব্দুর রাযযাক, ইবনুল মুবারাক ক্বতাদাহ সূত্রে আবু আইউব হতে ... বর্ণনা করেছেন।

এ সনদটি বুখারী এবং মুসলিমের শর্তানুযায়ী সহীহ। এটি মওকুফ তবে মারফুর হুকুম বহন করে। এর সাক্ষ্য প্রদান করছে মেহমান কর্তৃক পঠিতব্য দু’আঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সা’দ ইবনু মুয়ায (রাঃ)-এর নিকট ইফতার করে বললেনঃ

أفطر عنكم الصائمون.. وصلى عليكم الملائكة

তোমাদের নিকট সওম পালনকারীগণ ইফতার করেছেন, নেককারগণ তোমাদের খাদ্য খেয়েছেন এবং ফেরেশতারা তোমাদের জন্য দু’আ করেছেন।

এ হাদীসটি সহীহ দেখুন “সহীহ আবী দাউদ (৩৮৫৪) ও “সহীহ ইবনে মাজাহ” (১৭৪৭)।

এ ছাড়া হাদীসটি শুরায়েক নিম্নের বাক্যে হাবীব ইবনু যায়েদ হতে বর্ণনা করেছেনঃ

الصائم إذا أكل عنده المفاطر صلت عليه الملائكة حتى يمسي

সওম পালনকারীর নিকট যখন ইফতারকারীরা খাদ্য খায় তখন ফেরেশতারা সন্ধ্যা হওয়া পর্যন্ত তার জন্য দু'আ করে। এটি তিরমিযী ও ইবনু খুযায়মাহ একই সনদে শুরায়েক হতে বর্ণনা করেছেন তবে তিরমিযীর নিকট حتى কথাটুকু নেই।

এ ভাষায় বর্ণিত হাদীসটি দুর্বল দেখুন "যঈফ তিরমিযী" (৭৮৪), "যঈফ জামেইস সাগীর" (৩৫২৫) ও "যঈফুত তারগীব অত-তারহীব" (৬৫৫)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72211>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন